

দ্বিজ যষ্টি কহে 'ধন্য ধন্য তোরা সব।  
নমঃশূদ্র কূলে জন্ম নমস্য বৈষ্ণব।।  
মানুষ চিনিয়া সবে হয়েছে মানুষ।  
ব্রহ্মকূলে জন্ম ল'য়ে আমরা বেষ্ণ।।  
কই সেই টুন্ড প্রভু গেছেন কোথায়।  
সাধনা কহিছে 'এইমাত্র ঘাটে যায়।'  
ব্রাহ্মণ যাইতেছে নদীর ঘাটেতে।  
স্নান করি আসে ফিরি দেখা হয় পথে।।  
একমাত্র কৌপিন কটিতে দড়ি থস্বী।  
সিঙ্গ অঙ্গে এসেছেন ক্লাস্তভাব অতি।।  
পূর্ববৎ ক্ষতঅঙ্গ অঙ্গুলী বিচ্ছিন্ন।  
টুন্ডহস্ত টুন্ডপদ কত ক্ষত চিহ্ন।।  
দাদা! দাদা! বলিয়া কাতরে ছাড়ে ডাক।  
দেখিয়া শুনিয়া দ্বিজ হইল অবাক।।  
'কি দেখিনু কি হইনু কি করিনু ধার্য্য।'  
ব্রাহ্মণ দেখিয়া বড় মানিল আশ্চর্য্য।।  
হেনকালে ভোলানাথ আসিল বাটীতে।  
লোচন চলিয়া গেল সাধনার সাথে।।  
সাধনার পশ্চিমের গৃহেতে বসিল।  
ব্রাহ্মণ আসিয়া কতক্ষণ চেয়ে র'ল।।  
ফিরে গিয়া বসিলেন ভোলানাথ ঠাই।  
দ্বিজ বলে 'কি বলি আমাতে আমি নাই।'  
দুই চক্ষু বারিধারা বক্ষঃ ভেসে যায়।  
ভোলানাথ নিকটেতে কেঁদে কেঁদে কয়।।  
'শুন ওহে ভোলানাথ কি বলিব আর।  
টুন্ডা বেটা বলে, ছিল অবজ্ঞা আমার।।  
তার প্রতিফল পাইলাম হাতে হাতে।  
আমি যাহা দেখিয়াছি না পারি কহিতে।'  
ভোলানাথ বলে দ্বিজ 'কি বলিবে আর।  
আমার গোঁসাই হয় ব্রাহ্মণ উপর।।  
ওড়াকান্দী বাবা মোর স্বয়ং অবতার।  
যুরে ফিরে লীলা করে চেলা-বেলা তার।।

অন্য অন্য যুগে যত অবতার হন।  
এ যুগের ভক্ত তা হ'তে বলবান।।  
টুন্ড হ'য়ে থাকে প্রভু আমার বাটীতে।  
বাবা হরিচাঁদ ভক্ত কে পারে চিনিতে।।  
যদি কিছু দেখে থাক কাহারে না কও।  
দেখিয়াছ ভাগ্যক্রমে চূপ করে রও।।  
জননা শুননা কিবা গাও বরাবরি।  
শুধু গৌর নয় রে, আমার গৌর-হরি।।  
অপরূপ রূপ কিবা মধুর মাধুরী।  
কখনও পুরুষ হয় কখনও বা নারী।'  
শুনিয়া ঠাকুর আর বাক্য না স্মুরিল।  
ব্রাহ্মণ অনেকক্ষণ মৌন হ'য়ে র'ল।।  
কবি ভাবি কহে ভাই রবি ডুবি গেল।  
লোচনের প্রতি সবে হরি হরি বল।।



### লোচন গোস্বামীর ভিক্ষা বিবরণ

ভিক্ষা করি গোস্বামী বেড়ান সর্বক্ষণ।  
প্রাতঃ হ'তে দ্বিপ্রহর ভিক্ষায় ভ্রমণ।।  
ভিক্ষার তন্ডুল রাখিতেন যার ঘরে।  
বলিতেন তন্ডুল বিক্রয় করিবারে।।  
কতক তন্ডুল রাখি তারকের ঘরে।  
বলিতেন তারকে বিক্রয় করিবারে।।  
একদিন জয়পুর তারকের বাটী।  
গৃহ মধ্যে বসিয়া আছেন মাত্র দুটি।।  
হেনকালে একজন তন্ডুল কিনিতে।  
উপস্থিত হইলেন সন্ন্যাস অথৈতে।।  
বলিল 'তন্ডুল নাকি আছে তব ঘরে।  
বিক্রয় করহ যদি দেহ তো আমারে।'  
তারক বলিল 'আছে রেখেছে গোঁসাই।  
কি দরে খরিদ কর বল শুনি তাই।'